গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর।

সিটিজেন চার্টার

রূপকল্পঃ

- সার্বজনীন স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য মানসম্মত পাঠদানের মাধ্যমে দক্ষ চিকিৎসক তৈরীকরণ।

অভিলক্ষ্যঃ

- মানসম্মত স্বাস্থ্য শিক্ষার সুযোগ সম্প্রসারণ।
- মেডিকেল কলেজের ভৌত অবকাঠামো নির্মাণ, উন্নয়ন ও সম্প্রসার।
- ই-লাইব্রেরী প্রতিষ্ঠার মাধ্যমে চিকিৎসা শিক্ষার সুযোগ বৃদ্ধিকরণ।
- নিয়মিত প্রশিক্ষণের মাধ্যমে আধুনিক, বিজ্ঞানমনস্ক, দক্ষ চিকিৎসক ও শিক্ষক তৈরিকরণ।
- গবেষণার মাধ্যমে চিকিৎসা সেবার মান উন্নয়ন।

সেবা প্রদান প্রতিশ্রুতিঃ

ক) শিক্ষা কার্যক্রমঃ

- মানসম্মত চিকিৎসক তৈরির জন্য শিক্ষার গুণগতমান নিশ্চিতকরণ প্রকল্প (Quality Assurance Scheme) মেডিকেল এডুকেশন ইউনিট কার্যকর আছে।
- ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের আবাসন নিশ্চিতকরণ।
- ছাত্র-ছাত্রীদের নিবিড় পর্যবেক্ষণের জন্য প্রতি ১০জন ছাত্র-ছাত্রীর জন্য ১জন শিক্ষকের তত্ত্বাবধানে রেখে মেন্টরশিপ ব্যবস্থা চালু আছে।
- গ্রন্থাগারে নতুন নতুন সংস্করণের চিকিৎসা বিদ্যার বই সংযোজন ও পঠনের ব্যবস্থাকরণ।
- ছাত্র-ছাত্রীদের শারীরিক ও মানসিক স্বাস্থ্য নিশ্চিত করার জন্য বিশেষ স্বাস্থ্য কমিটির মাধ্যমে সেবা প্রদান।
- একাডেমিক কার্যক্রম বহির্ভূত কর্মকান্ডের (খেলাধুলা, সাংস্কৃতিক অনুষ্ঠান, বিতর্ক ইত্যাদি) মাধ্যমে ছাত্র-ছাত্রীদের চিত্তবিনোদনের ব্যবস্থা করা।
- ছাত্র-ছাত্রীদের সিনিয়র কর্তৃক যে কোন নিপীড়নমূলক আচরণ প্রতিরোধে কলেজে একটি কার্যকরী এন্টি রেগিং কমিটি সচেষ্ট আছে।
- জাতীয় ও আন্তর্জাতিক দিবস যথাযোগ্য মর্যাদায় পালন।

খ) নাগরিক সেবাসমূহঃ

- বর্তমানে প্যাথলজি ল্যাব সেবা চালু আছে। পর্যায়ক্রমে অন্যান্য ল্যাব সেবা চালু প্রক্রিয়াধীন।
- করোনা মহামারী নিয়ন্ত্রণের জন্য মাইক্রোবায়োলজি বিভাগে RT-PCR LAB এর মাধ্যমে দেশি এবং প্রবাসীদের করোনা টেস্ট করা হয়।

গ) নৈতিকতা কমিটি গঠনঃ

- স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের নির্দেশনায় নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহনে কর্মকর্তা/কর্মচারীগণের সমন্বয়ে অত্র কলেজে একটি নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে।

অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতিঃ

- সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করুন। আপনার অভিযোগ সুনির্দিষ্টভাবে লিখিত আকারে জমা দিন।
- কোন অভিযোগ সম্পূর্ণ অসত্য এবং কাউকে হয়রানি করা কিংবা অসৎ উদ্দেশ্যে করা হয়েছে এই মর্মে প্রমাণিত হলে সংশ্লিষ্ট অভিযোগকারীকে অভিযোগ ব্যবস্থাপনা সেল কালো তালিকাভুক্ত করবে। এরূপ কালো তালিকাভুক্ত ব্যক্তির নিকট থেকে পরবর্তী সময়ে প্রাপ্ত যেকোন অভিযোগ কর্তৃপক্ষ কর্তৃক বিনা তদন্তে খারিজ করা হবে।

সেবা গ্রহিতাদের কাছে প্রত্যাশাঃ

- সেবার অভিযোগ থাকলে অত্র প্রতিষ্ঠানের অফিসের বিতরণ শাখা হতে নির্ধারিত ফরম সংগ্রহ করে প্রয়োজনীয় অংশ নির্ভুলভাবে পূরনপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র আবেদনের সহিত যুক্ত করে পুনরায় বিতরণ শাখায় জমা প্রদান করা।
- আপনার সেবাপ্রাপ্তি বিধি মোতাবেক কিনা/সিটিজেন চার্টারের অন্তর্ভুক্ত কিনা যাচাই পূর্বক অভিযোগ করা।
- চিকিৎসা সেবার মানোন্নয়নের জন্য যেকোন মতামত/সুপারিশ গ্রহণ।